

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৮৯

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮

২২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কনটেম্পট পিটিশন নং- ৩১২/২০২১ (রিট পিটিশন নং-৫০৭২/২০১৮ হতে উদ্ভূত) সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৫০৭২/২০১৮ মামলার রায়ের নির্দেশনা মোতাবেক জনাব মোসাঃ অফছিনা খাতুন এর এমপিও করা হয়েছে। এর এম.পি.ও ভুক্তকালীন জনবল কাঠামোতে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টি অন্তর্ভুক্ত না থাকায় বকেয়া বেতন ভাতা প্রাপ্য হবেন না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। রীট পিটিশন নং-৫০৭২/২০১৮ মামলার রায় সম্পূর্ণ বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩১২/২০২১ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে বিবাদী করা হয়েছে।

যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩১২/২০২১ (রিট পিটিশন নং-৫০৭২/২০১৮ হতে উদ্ভূত) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ১নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কনটেম্পট পিটিশন নং-৩১২/২০২১ (রিট পিটিশন নং-৫০৭২/২০১৮ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা; এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২২-৯-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৮৯/১(৫)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২২-৯-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব